কালের কণ্ঠ

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ১৯ কলাম 2

ব্যতিক্রমী শিশুশিক্ষা

# ব্র্যাক-কুমন শিক্ষাকেন্দ্র উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক ▷

শিশুর জন্য ব্যতিক্রমী শিক্ষা সহায়ক পদ্ধতি 'কুমন' বাংলাদেশে চালু করেছে ব্র্যাক। গতকাল সোমবার বিকেলে রাজধানীর ব্র্যাক সেন্টারে এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। ১৯৫৮ সালে জাপানের শিক্ষক তরু কুমন (Toru Kumon) শিক্ষার্থীদের নিজস্ব সামর্থ্য ও মেধা অনুযায়ী গণিত শেখাতে বিশেষ পদ্ধতি চালু করেন, যা 'কুমন' নামে পরিচিত।

ব্র্যাক-কুমন উদ্যোগের আওতায় এই পদ্ধতি এখন বাংলাদেশে চালু হতে যাচ্ছে। কুমন কর্মসূচি বর্তমানে বিশ্বের ৫০টি দেশে বিস্তৃত হয়েছে এবং ৪২ লাখের বেশি ছাত্র-ছাত্রী এ পদ্ধতিতে শিক্ষা গ্রহণ করছে।

ব্র্যাক-কুমনের প্রথম কেন্দ্রটি রাজধানীর ধানমণ্ডিতে আজ মঙ্গলবার যাত্রা শুরু করতে যাচ্ছে। দ্বিতীয় কেন্দ্রটি চলতি বছরের অক্টোবরে রাজধানীর উত্তরায় চালু করা হবে। এ দুটি কেন্দ্র পরিচালিত হবে ব্র্যাক-কুমন শীর্ষক ২৭ মাসব্যাপী একটি পাইলট প্রকল্পের আওতায়, যা এ বছরের জুলাই মাসে শুরু হয়।